

■■ সহীহ মুসলিম (হাদীস একাডেমী)

হাদিস নাম্বারঃ ৩৩৪৫ [আন্তর্জাতিক নাম্বারঃ ১৪১২]

১٩ । विवार (کتاب النکاح)

পরিচ্ছেদঃ ৬. একজনের বিবাহের প্রস্তাবের উপর অন্যের বিবাহের প্রস্তাব দেয়া নিষেধ, প্রথমোক্ত ব্যক্তি অনুমতি দিলে অথবা প্রস্তাব প্রত্যাহার করলে (তা জায়িয)

باب تَحْرِيمِ الْخِطْبَةِ عَلَى خِطْبَةِ أَخِيهِ حَتَّى يَأْذَنَ أَوْ يَتْرُكَ

আরবী

وَحَدَّثَنَا قُتَيْبَةُ بْنُ سَعِيدٍ، حَدَّثَنَا لَيْتُ، ح وَحَدَّثَنَا ابْنُ رُمْحٍ، أَخْبَرَنَا اللَّيْثُ، عَن نَافِعٍ، عَنِ البِّي عُمْرَ، عَنِ النَّبِيِّ صلى الله عليه وسلم قَالَ " لاَ يَبِعْ بَعْضُكُمْ عَلَى بَيْعِ بَعْضٍ وَلاَ يَخْطُبْ بَعْضُكُمْ عَلَى بَيْعِ بَعْضٍ ".

বাংলা

৩৩৪৫-(৪৯/১৪১২) কুতায়বাহ ইবনু সাঈদ ও মুহাম্মাদ ইবনু রুমহ (রহিমাহুমাল্লাহ) ইবনু উমার (রাযিঃ) থেকে বর্ণিত যে, নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেনঃ তোমাদের কেউ যেন অন্যের দামাদামীর উপর দর বাড়িয়ে না বলে এবং অন্যের বিবাহের প্রস্তাবের উপর প্রস্তাব না দেয়। (ইসলামিক ফাউন্ডেশন ৩৩২০, ইসলামীক সেন্টার ৩৩১৮)

English

Ibn Umar (Allah be pleased with them) reported Allah's Apostle (ﷺ) as having said this:

None amongst you should outbid another in a transaction, nor should he make proposals of marriage upon the proposal made by someone else.

হাদিসের শিক্ষা

* এই হাদীস হতে শিক্ষণীয় বিষয়:

১। এই হাদীসটির দ্বারা প্রমাণিত হয় যে, কোনো ব্যক্তির তথা মুসলিম ব্যক্তির ক্রয়-বিক্রয়ের উপরে অন্য কোনো ব্যক্তির ক্রয়-বিক্রয় করা হারাম।



২। এই হাদীসটির দ্বারা এটাও প্রমাণিত হয় যে, কোনো ব্যক্তির তথা মুসলিম ব্যক্তির বিবাহের প্রস্তাবের উপরে অন্য কোনো ব্যক্তির বিবাহের প্রস্তাব দেওয়া অবৈধ।

৩। প্রকৃত ইসলাম ধর্ম মানুষকে সচ্চরিত্র বা ভাল আচরণ এবং পরিষ্কার হৃদয়ের উপর অবস্থিত হওয়ার প্রতি উৎসাহ প্রদান করে; যেন মুসলিম সমাজের সকল সদস্যগণের মধ্যে থেকে পরস্পর শক্রতা এবং ঝগড়া-বিবাদের অবসান ঘটে যায়।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি □ বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইবন উমর (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন